গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
**www.nbr.gov.bd**

তারিখ: ২৪ আগস্ট ২০২৬ খ্রি.

**প্রেস বিজ্ঞপ্তি**

**৪৪২ কন্টেইনার পণ্য ই-নিলামে তুলছে কাস্টমস হাউস, চট্টগ্রাম**

চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কনটেইনার জট নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সর্বোপরি রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে কাস্টমস হাউস, চট্টগ্রাম অখালাসকৃত ও নিলামযোগ্য বিভিন্ন পণ্য নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিতভাবে নিলাম আয়োজন করছে। এরই ধারাবাহিকতায় আগস্ট/২০২৬ মাসে নিলামযোগ্য ৪৪২ কনটেইনার পণ্য E-Auction পদ্ধতিতে নিলামে বিক্রির উদ্যোগ নেওয়া হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত নিলামের স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩ ও বিশেষ আদেশ নং-৮২/২০২৫/কাস্টমস অনুসারে বিশেষ ই-অকশন নং-১০/২০২৬ এ সর্বমোট ১০১ লট রয়েছে যার কন্টেইনার সংখ্যা ২৯০টি। যার মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের কেমিক্যাল, যন্ত্রপাতি-যন্ত্রাংশ, প্লাস্টিক ওয়েস্টেজ (স্ক্র্যাপ), চেস্ট ফ্রিজার, পাইপ, বিভিন্ন ধরনের সুতা, বিভিন্ন ধরনের কাপড়, সোলার মডিউল, বিভিন্ন ধরনের লবণ, কাগজ, টাইলস, গৃহস্থালি পণ্য এবং ৮৬টি পুরাতন খালি কন্টেইনার ইত্যাদি। এ সকল পণ্যচালানের নিলামে কোন সংরক্ষিত মূল্য (Reserved Value) থাকছে না।

অপরদিকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩ অনুসারে ই-অকশন নং-০৯/২০২৬ এ ১০৯ লটে মোট ১৫২ কন্টেইনার পণ্য নিলামে বিক্রি করা হবে। এর মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের ক্যাপিটাল মেশিনারিজ, বিভিন্ন ধরনের ফেব্রিক্স, পিভিসি ফ্লেক্স ব্যানার, বিভিন্ন ধরনের কেমিক্যাল, এসির যন্ত্রাংশ, টাইলস, স্টেইনলেস স্টিল কয়েল, স্ক্যানার, ব্যাডমিন্টন র‍্যাকেট, এলিভেটর এবং লবণসহ অন্যান্য পণ্য।

নিলাম কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল প্রক্রিয়ায় এই নিলাম কার্যক্রম পরিচালিত হবে। নিলাম কার্যক্রম অধিকতর প্রতিযোগিতামূলক করার লক্ষ্যে **ই-অকশন নং-০৯/২০২৬ এর পণ্য ৩০ আগস্ট থেকে ১৩ সেপ্টেম্বর, ২০২৬** খ্রি. এবং **বিশেষ ই-অকশন নং-১০/২০২৬ এর পণ্য ৩০ আগস্ট থেকে ১৫ সেপ্টেম্বর, ২০২৬** খ্রি. পর্যন্ত অফিস চলাকালে বিডারদের জন্য সরেজমিনে পরিদর্শন করে অনলাইনে বিড করার ব্যবস্থা রয়েছে। আগ্রহী ক্রেতাগণ ঘরে বসেই কাস্টমসের অফিসিয়াল E-Auction পোর্টালে (https://auction.bdcustoms.gov.bd) নিবন্ধন করে **ই-অকশন নং-০৯/২০২৬ এর দরপত্র ২৭ আগস্ট থেকে ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. বিকেল ০৩.০০ টা পর্যন্ত** এবং **বিশেষ ই-অকশন নং-১০/২০২৬ এর দরপত্র ২৭ আগস্ট থেকে ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. বিকেল ০৩.০০ টা পর্যন্ত** অনলাইনে দাখিল করতে পারবেন। অনলাইন বিডিংয়ের সময় প্রস্তাবিত দরমূল্যের ন্যূনতম ১০ শতাংশ জামানতের স্ক্যান কপি আপলোড করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মূল কাগজপত্র দাখিল করতে হবে। সর্বোচ্চ দরদাতাগণকে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর প্রযোজ্য শর্ত পরিপালন সাপেক্ষে পণ্যসমূহ খালাস গ্রহণ করতে হবে।

আগামী ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ দুপুর ৩.৩০ ঘটিকায় ই-অকশন নং-০৯/২০২৬ এর দরপত্র বাক্স উন্মুক্ত করা হবে এবং আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বিশেষ ই-অকশন নং-১০/২০২৬ এর দরপত্র বাক্স উন্মুক্ত করা হবে। নিলাম সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য বিডারগণকে E-Auction (https://auction.bdcustoms.gov.bd) পোর্টাল পরিদর্শনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বৃদ্ধি এবং জাতীয় সম্পদের কার্যকর ব্যবস্থাপনায় প্রযুক্তি-নির্ভর এ নিলাম কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে জাতীয় রাজস্ব বোর্ড আশা প্রকাশ করছে।

**- জাতীয় রাজস্ব বোর্ড**